গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০১.০০০১.২৩.৫২৯

তারিখ: ২২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা ২৭ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে এবং ২৯ মে ২০২৫ তারিখে শেষ হবে। ২৭ অক্টোবর ২০২৪ হতে ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীদের আবেদন বিবেচনায় তাদের মৌখিক পরীক্ষা গত ২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। তৎপরবর্তী চলমান অপরাপর মৌখিক পরীক্ষায় যে সকল প্রার্থী নির্ধারিত তারিখে অংশগ্রহণ করতে পারবেন না তাদের আবেদন আগামী ২০ মে ২০২৫ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে বিবেচনাধীন প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ৩১ মে ২০২৫ তারিখ সকাল ১০:০০ টায় এনটিআরসিএ কার্যালয়ে গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীকে **নিম্নোক্ত কাগজপত্রাদির মূলকপি** নিয়ে এনটিআরসিএ কার্যালয়ে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো:-

(ক) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল সনদপত্র (Certificates) ও নম্বরপত্র (Transcripts/Marks Sheets)।
(খ) জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/জন্ম নিবন্ধন সনদ।
(গ) **লিখিত পরীক্ষার প্রবেশ পত্র।**

২। বিস্তারিত তথ্যের জন্য এনটিআরসিএ-র ওয়েবসাইট www.ntrca.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট http://ntrca.teletalk.com.bd ভিজিট করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

৩। উল্লেখ্য, অষ্টাদশ শিক্ষক নিবন্ধন মৌখিক পরীক্ষার তারিখ পরিবর্তনের জন্য আবেদনকারী যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তাদের পুনরায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন নেই।

০৫/০৫/২৫

(কাজী কামরুল আহছান)
পরিচালক (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১

নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০১.২৩.৫২৯

তারিখ: ২২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে:

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র তথ্য অফিসার, মাননীয় উপদেষ্টার দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহুল প্রচারের অনুরোধসহ)।
৪. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

০৫/০৫/২৫

(কাজী কামরুল আহছান)
পরিচালক (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।